

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২০৩

২১. উত্তরাধিকার অধ্যায় (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ৫৪. ফারাইযে 'আউল' বা বর্ধিত সংখ্যার বন্টন প্রক্রিয়া

باب فِي عَوْلِ الْفَرَائِضِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عِمْرَانَ عَنْ مُعَاوِيَةَ بْنِ مَيْسَرَةَ بْنِ شُرَيْحِ عَنْ أَيُّوبَ بْنِ الْحَارِثِ قَالَ الْخُتُصِمَ إِلَى شُرَيْحٍ فِي بِنْتَيْنِ وَأَبُويْنِ وَزَوْجٍ فَقَضَى فِيهَا فَأَقْبَلَ الزَّوْجُ يَشْكُوهُ فِي الْمَسْجِدِ الْخُتُصِمَ إِلَى شُرَيْحٍ فَقَالَ مَا يَقُولُ هَذَا قَالَ هَذَا فَأَرْسَلَ إِلَيْهِ عَبْدَ اللَّهِ بْنَ رَبَاحٍ فَأَخَذَهُ وَبَعَثَ إِلَى شُرَيْحٍ فَقَالَ مَا يَقُولُ هَذَا قَالَ هَذَا يَخَالُنِي امْرَأً جَائِرًا وَأَنَا إِخَالُهُ امْرَأً فَاجِرًا يُظْهِرُ الشَّكُوى وَيَكْتُمُ قَضَاءً سَائِرًا فَقَالَ لَهُ الرَّبُعُ مِنْ جَمِيعِ الْمَالِ وَلِلْأَبُويْنِ الرَّجُلُ مَا تَقُولُ فِي بِنْتَيْنِ وَأَبُويْنِ وَزَوْجٍ فَقَالَ لِلزَّوْجِ الرَّبُعُ مِنْ جَمِيعِ الْمَالِ وَلِلْأَبُويْنِ السَّدُسَانِ وَمَا بَقِي فَلِلابْنَتَيْنِ قَالَ فَلِأَيَّ شَيْءٍ نَقَصْتَنِي قَالَ لَيْسَ أَنَا نَقَصْتُكَ اللَّهُ نَقَصَكَ اللَّهُ نَقَصَكَ اللَّهُ نَقَصْتُكَ اللَّهُ نَقَصَلُكَ اللَّلُهُ فَهِي مِنْ سَبْعَةٍ وَنِصْفٍ فَرِيضَةً لَلِابْنَتَيْنِ التَّلُقُانِ وَلِلْأَبُويْنِ السُّدُسَانِ وَلِلزَّوْجِ الرَّبُعُ فَهِيَ مِنْ سَبْعَةٍ وَنِصْفٍ فَرِيضَةً فَريضَةً فَريضَاتُكَ عَائِلَةً فَوَيْنِ السُّدُسَانِ وَلِلزَّوْجِ الرَّبُعُ فَهِيَ مِنْ سَبْعَةٍ وَنِصْفُ فَريضَةً فَقَالَ لَا لَيْكُولُ عَائِلَةً فَا لَاللَّهُ فَالْمَالُ وَلِلزَّوْجِ الرَّبُعُ فَهِيَ مِنْ سَبْعَةٍ وَنِصْفُ فَريضَةً فَريضَةً فَريضَانًا فَا فَرَالْمَالُ وَلِلْرَائِقَ فَرَالْمُ فَلَالْمُ اللَّهُ فَلَولُولُ فَيْ اللَّهُ لَتَقْلُ لَا لِنَتُنْ فِي اللَّهُ فَوْنَ فَي اللَّهُ لَا لَوْلِلْ فَيْ لِلْمُ اللَّهُ فَلَالِهُ فَلَالِهُ فَيْ لِللْمُ اللَّهُ فَلَاللَّهُ فَلَاللَهُ فَلَالِهُ فَلَالِكُونَ السَّوْمُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الْمُنْ اللَّهُ الْمُلْعُ اللَّهُ اللَّهُ الْمُنْ اللَّهُ الْمُولُ اللْمُ الْعَلَاقُولُ اللَّهُ الْمُنْ اللَّهُ الْمُ اللَّهُ الْمُنْ الْمُولُولُ اللَّهُ الْمُنْ الْمُعْتَالِ اللَّهُ الْمُ الْمُسْتُعَالِ اللَّهُ ال

বাংলা

৩২০৩. শুরাইহ ইবনুল হারিছ হতে বর্ণিত, তিনি বলেন, (মৃত স্ত্রীলোকের) দু' কন্যা, পিতা-মাতা ও স্বামীর অংশের ব্যাপারে (কুফার কাযী) শুরাইহ (রহঃ) এর নিকট অভিযোগ উত্থাপিত হলে তিনি তাদের মাঝে ফায়সালা করে দিলেন। এরপর স্বামী মসজিদে গিয়ে তার (শুরাইহ'র) ব্যাপারে অভিযোগ জানাতে লাগলো। তখন আব্দুল্লাহ ইবনু রাবাহ লোক পাঠিয়ে তাকে ধরে এনে শুরাইহ'র নিকট পাঠিয়ে দিলেন। আর বললেন, দেখেন তো, এ লোকটি (আপনার সম্পর্কে) কী বলে? তখন তিনি (শুরাইহ) বললেন, এ লোকটি মনে করে যে আমি যালিম, আর আমি মনে করি এ লোকটি ফাসিক-ফাজির (পাপী)। সে প্রকাশ্যে অভিযোগ পেশ করছে এবং প্রচলিত ফায়সালাকে গোপন করছে। তখন লোকটি জিজ্ঞেস করলো, দু' কন্যা, পিতা-মাতা এবং স্বামী সম্পর্কে আপনার ফায়সালা কী? তিনি বললেন, স্বামী পাবে পুরো সম্পদের এক চতুর্থাংশ, পিতা-মাতা পাবে দুই ষষ্ঠাংশ এবং বাকী সম্পদে দু' কন্যা পাবে।

তাহলে আপনি আমাকে কম দিলেন কেন? তিনি বললেন, আমি তোমাকে কম দেইনি, বরং আল্লাহই তোমাকে কম দিয়েছেন। দু' কন্যা পাবে দুই তৃতীয়াংশ, পিতা-মাতা পাবে দুই ষষ্ঠাংশ এবং স্বামী পাবে এক চতুর্থাংশ। ফলে



পুরো সম্পদকে সাড়ে সাত ভাগে ভাগ করতে হবে। আর তোমার অংশ হবে 'আওল'কৃত।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ। শুরাইহ ইবনুল হারিছ কুফী কাষী শুরাইহ হতে বর্ণনার ব্যাপারে আমি তার জীবনী পাইনি। বাকী রাবীগণ বিশ্বস্ত।

তাখরীজ: এটি আমি এ বর্ণনা পরম্পরায় পাইনি; তবে ওয়াকী তার কিতাব 'আখবারুল কাযাহ' ২/৩৬৪ এ মুহাম্মদ ইবনু সীরীন হতে, তিনি শুরাইহ হতে অনুরূপ ঘটনা বর্ণনা করেছেন যার সনদ সহীহ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন